

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(শিক্ষা শাখা)

বিজ্ঞপ্তি নং ০৫.৪১.৬৭০০.৪০১.১০.০২৬.১৫-৫৮৫

তারিখ : ১৯.০৯.২০১৯ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রশাসন, নারায়ণগঞ্জ কর্তৃক পরিচালিত নারায়ণগঞ্জ জেলার প্রাণকেন্দ্র চাষাড়ায় অবস্থিত নারায়ণগঞ্জ প্রিপারেটরী স্কুলে সহকারী প্রধান শিক্ষক নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	পদ	যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন, ভাতা
০১.	সহকারী প্রধান শিক্ষক	০১	১। কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বি.এডসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি/সমমান এবং শিক্ষকতা অথবা শিক্ষা প্রশাসনে ৮ বছরের অভিজ্ঞতা। অথবা কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বি.এডসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি/সমমান এবং শিক্ষকতা অথবা শিক্ষা প্রশাসনে ১২ বছরের অভিজ্ঞতা।	প্রতিষ্ঠানের বিধিমালা অনুযায়ী মূল বেতন - ১২০০০/- বাড়ী ভাড়া- ২৫% হারে চিকিৎসা ভাতা -৫০০/- হারে ১০% হারে সিপিএফ প্রাপ্য হবেন।

অন্যান্য শর্তাবলী

- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- সভাপতি, নারায়ণগঞ্জ প্রিপারেটরী স্কুল, নারায়ণগঞ্জ বরাবর আবেদন জমা করতে হবে।
- আবেদনের শেষ সময় ৩০ অক্টোবর ২০১৯।
- আবেদনের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
- আবেদনের সাথে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি জমা দিতে হবে।
- অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি প্রদান করতে হবে।
- আবেদন পত্রে প্রার্থীর সচল মোবাইল নম্বর অন্তর্ভুক্ত করতে হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- অসম্পন্ন আবেদন বৈধ বলে গণ্য হবে না।

মো: জসিম উদ্দিন

জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ

ও

সভাপতি

নারায়ণগঞ্জ প্রিপারেটরী স্কুল